

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৬০৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

2609 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ الْمَقَابِرِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ قَالَ: أَخْبَرَنِي حُمَيْدُ الطَّوِيلُ قَالَ: سُئِلَ أَنسُ بْنُ مَالِكِ عَنْ صَوْمِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: كَانَ يَصنُومُ مِنَ الشَّهْرِ حَتَّى نَرَى أَنَّهُ لَا يُرِيدُ أَنْ يَصنُومُ مِنْ الشَّهْرِ حَتَّى نَرَى أَنَّهُ لَا يُرِيدُ أَنْ يَصنُومَ مِنْهُ شَيْئًا وكُنْتَ لَا أَنْ يُطُورَ مِنْهُ شَيْئًا وكُنْتَ لَا تَشَاءُ أَنْ تَرَاهُ مِنَ اللَّيْلِ مُصَلِّيًا إِلَّا رَأَيْتَهُ مُصلِيًا ولا نائما إلا رأيته.

الراوي: أنس ا المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2609 | خلاصة حكم المحدث: صحيح ـ ((مختصر الشمائل)) ق. (253): ق.

বাংলা

২৬০৯. হুমাইদ আত তবীল থেকে বর্ণিত, তিনি বলেন "আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহুকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সিয়াম সম্পর্কে জিজ্ঞেস করা হলে তিনি জবাবে বলেন, "তিনি কোন মাসে (এতো অধিক পরিমাণ) সিয়াম রাখতেন যে, আমরা মনে করতাম যে, হয়তো তিনি এই মাসে কোন সিয়াম ছেড়ে দিবেন না আবার কোন মাসে সিয়াম ছেড়ে দিতেন, এমনকি আমরা মনে করতাম যে, তিনি হয়তো এই মাসে কোন সিয়াম রাখবেন না।

আর তুমি যদি তাঁকে রাতে সালাতরত অবস্থায় দেখতে চাও, তবে তাঁকে তুমি সালাতরত অবস্থায় দেখতে পাবে, আবার তুমি যদি তাঁকে রাতে ঘুমন্ত অবস্থায় দেখতে চাও, তবে তাঁকে তুমি ঘুমন্ত অবস্থায় দেখতে পাবে।"[1]

ফুটনোট



[1] তিরমিযী: ৭৬৯; মুসনাদ আবী ইয়ালা: ৩৮৫২; নাসাঈ: ৩/২১৩-২১৪; বাগাবী: ৯৩২; মুসনাদ আহমাদ: ৩/১০৪; সহীহুল বুখারী: ১১৪১; সুনান বাইহাকী: ৩/১৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (মুখতাসারুশ শামাইল: ২৫৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ হুমায়দ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন